আমাদের সময়

তারিখ ... 05 NOV 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

# সাদুল্যাপুরে বিদ্যালয়ের দেয়াল ধসে ৪ শিক্ষার্থী আহত

গাইবান্ধা প্রতিনিধি ●

গাইবান্ধার সাদুল্যাপুর উপজেলার দামোদরপুর ইউনিয়নের কিশামত দশলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের দেয়াল ও চাল ধসে শনিবার বিকালে ৪ শিক্ষার্থী আহত হয়েছে। আহত শিক্ষার্থী শাহানার (৯) অবস্থা গুরুতর হওয়ায় তাকে সাদুল্যাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এছাড়া শাবানা, সাথী ও নাজমিন নামে অপর তিনজনকে স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়। আহতরা সবাই ওই বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্রী।

বিদ্যালয়ের শিক্ষকরা জানান, শনিবার বিকাল সাড়ে ৩টার দিকে বিদ্যালয়ের পুরাতন টিনশেড ভবনের তৃতীয় শ্রেণির কয়েকজন ছাত্রছাত্রী ক্লাসরুমে বসে পড়াশোনা করছিল। এ সময় হঠাৎ করে ওই রুমের পশ্চিম পাশের দেয়াল ও চালের একাংশের টিন, কাঠ ধসে তাদের ওপর পড়ে। অন্য শিক্ষার্থীরা এ সময় দৌড়ে বাইরে বেরুতে পারলেও ওই ৪ জন দেয়াল ও টিনের নিচে চাপা পড়ে। এতে তারা আহত হয়। স্থানীয় লোকজন ও শিক্ষকরা এসে তাদের উদ্ধার করে।